**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
আইন অধিশাখা
বাংলদেশ সচিবালয়, ঢাকা
www.motj.gov.bd

নং-২৪.০০.০০০০.১২২.০৪.০০১.১৫.১২১ তারিখ: ২৯.০৮.২০১৬ খ্রি:

**বিষয়: বস্ত্র ও পাট মন্ত্রণালয় কর্তৃক মামলা মনিটরিং সংক্রান্ত ২৪.০৮.২০১৬ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

বস্ত্র ও পাট মন্ত্রণালয় এবং অধীনস্থ দপ্তর/সংস্থার মামলা মনিটরিং সংক্রান্ত সভা গত ২৪.০৮.২০১৬ তারিখ এ মন্ত্রণালয়ের সচিব জনাব এম এ কাদের সরকার এর সভাপতিত্বে মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভার অনুমোদিত কার্যবিবরণীর সিদ্ধান্ত অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতি আগামী ০৬.০৯.২০১৬ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। **এখানে উল্লেখ্য যে, কার্যবিবরণীটি বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের ওয়েব সাইট (www.motj.gov.bd) থেকে ডাউন লোড করে নিতে হবে।**

(এ, এম, সাইফুল ইসলাম)
উপসচিব
ফোন: ৯৫১৫৬৪৯
ih.law2016@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. চেয়ারম্যান, বিজেএমসি, মতিঝিল, বা/এ, ঢাকা।
০২. চেয়ারম্যান, বিজেসি (বিলুপ্ত), আদমজী কোর্ট, ১১৯-১২০, মতিঝিল বা/এ, ঢাকা।
০৩. চেয়ারম্যান, বিটিএমসি, বিটিএমসি ভবন, ৭-৯, কাওরান বাজার, ঢাকা।
০৪. চেয়ারম্যান, বাংলাদেশ তাঁত বোর্ড, বিটিএমসি ভবন, ৭-৯, কাওরান বাজার, ঢাকা।
০৫. চেয়ারম্যান, জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।
০৬. মহাপরিচালক, পাট অধিদপ্তর, মতিঝিল বা/এ, ঢাকা।
০৭. মহাপরিচালক, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।
০৮. পরিচালক, বস্ত্র পরিদপ্তর, বিটিএমসি ভবন, ৭-৯, কাওরান বাজার, ঢাকা।
০৯. পরিচালক, বিএসআরটিআই, রাজশাহী।
১০. উপপ্রশাসক, আদমজী সন্স লি:, মতিঝিল বা/এ, ঢাকা।
১১. লিকুইডেটর, লিকুইডেশন সেল, ৩৫/৫-সি, শান্তিনগর (২য় তলা), পীরসাহেবের গলি, ঢাকা।
১২. যুগ্মসচিব (সকল), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. সহকারী প্রোগ্রামার, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে অন্তর্ভুক্তকরণের জন্য অনুরোধ করা হলো)।

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১. সচিব মহোদয়ের একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. যুগ্মসচিব (আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
আইন অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.motj.gov.bd

বিষয়: বস্ত্র ও পাট মন্ত্রণালয় কর্তৃক মামলা মনিটরিং সংক্রান্ত ২৪.০৮.২০১৬ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি :এম এ কাদের সরকার, সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়।
তারিখ : ২৪.০৮.২০১৬ খ্রিস্টাব্দ।
স্থান : বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সভা কক্ষ (কক্ষ নং- ৭০৯-৭১১) ভবন নং-৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট-ক তে রক্ষিত আছে)

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে উপসচিব (আইন) জনাব এ, এম সাইফুল হাসান সভার আলোচ্যসূচি অনুযায়ী পর্যায়ক্রমে উপস্থাপন করেন।

০২. বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয় এবং তা কোন প্রকার সংশোধনী ব্যতীরেকে সভায় দৃঢ়করণ করা হয়।

০৩. **বস্ত্র ও পাট মন্ত্রণালয় ও অধীস্থ দপ্তর/সংস্থার মোট মামলার তথ্য:**

সভায় বস্ত্র ও পাট মন্ত্রণালয় ও অধীস্থ দপ্তর/সংস্থার সর্বশেষ মামলার অগ্রগতি সভায় উপস্থাপন করা হয় যা নিম্নরূপ:

| দপ্তর/সংস্থা/ পরিদপ্তর/ অধিদপ্তর/ বোর্ড এর নাম | মামলার সংখ্যা | | বর্তমান মাসে আগত | | মোট | মামলা নিষ্পত্তি | | | | মাস শেষে পেন্ডিং মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | উচ্চ আদালত | নিম্ন আদালত | উচ্চ আদালত | নিম্ন আদালত | | উচ্চ আদালত (পক্ষে) | নিম্ন আদালত (পক্ষে) | উচ্চ আদালত (বিপক্ষে) | নিম্ন আদালত (বিপক্ষে) | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| বিজেএমসি | ৩৮৫ | ৭৯০ | ০২ | ১০ | ১১৮৭ | ০০ | ১৩ | ০০ | ০৪ | ১১৭০ |
| বিজেসি (বিলুপ্ত) | ৮৪ | ১৮৩ | ০০ | ০৪ | ২৭১ | ০১ | ০০ | ০০ | ০০ | ২৭০ |
| বিটিএমসি | ১০৬ | ২০৮ | ০০ | ০২ | ৩১৬ | ০০ | ০১ | ০০ | ০০ | ৩১৫ |
| তাঁত বোর্ড | ১০ | ০৬ | ০০ | ০০ | ১৬ | ০২ | ০০ | ০০ | ০০ | ১৪ |
| পাট অধিদপ্তর | ১০ | ২৪ | ০০ | ১২ | ৪৬ | ০১ | ০০ | ০০ | ০০ | ৪৫ |
| রেশম উন্নয়ন বোর্ড | ১১ | ২০ | ০০ | ০০ | ৩১ | ০০ | ০০ | ০০ | ০০ | ৩১ |
| বস্ত্র পরিদপ্তর | ০৮ | ০০ | ০০ | ০০ | ০৮ | ০০ | ০০ | ০০ | ০০ | ০৮ |
| বিএসআরটিআই | ০২ | ০১ | ০০ | ০০ | ০৩ | ০০ | ০০ | ০০ | ০০ | ০৩ |
| আদমজী সন্স লি: | ০৬ | ০৬ | ০০ | ০১ | ১৩ | ০০ | ০০ | ০০ | ০০ | ১৩ |
| লিকুইডেশন সেল | ১০ | ১৯ | ০০ | ০০ | ২৯ | ০০ | ০০ | ০২ | ০০ | ২৭ |
| মোট= | ৬৩২ | ১২৫৭ | ০২ | ২৯ | ১৯২০ | ০৪ | ১৪ | ০২ | ০৪ | ১৮৯৬ |

০৪. সভাপতি সংস্থার অনিষ্পন্ন মামলাগুলোর প্রতি দৃষ্টিআকর্ষণ করে বলেন যে, বিজেএমসির মোট মামলার ১১৭০টি, নিষ্পত্তকৃত মামলার সংখ্যা ১৭টি, সংস্থার পক্ষে ১৩টি, বিপক্ষে ০৪টি মামলার রায় হয়। সভাপতি সরকারের বিপক্ষে রায় হওয়া মামলা গুলোতে জরুরি ভিত্তিতে আপীল নিষ্পতির কার্যক্রম গ্রহণ করে রায় সরকারের পক্ষে আনায়ণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন। কারণ এ মামলাগুলিতে সরকারের বিপুল স্বার্থ জড়িত আছে। বিটিএমসির মোট মামলা ৩১ ৫টি, নিষ্পত্তিকৃত মামলা ০ ১টি। নিষ্পত্তিকৃত মামলাটি অধিক গুরুত্বপূর্ণ হওয়ায় এবং সরকারের পক্ষে রায় হওয়ায় সভাপতি চেয়ারম্যান, বিটিএমসিকে ধন্যবাদ জানান। তবে মামলার সংখ্যা অনুযায়ী নিষ্পত্তির হার কম হওয়ায় নিষ্পত্তির হার বৃদ্ধি করার জন্য নির্দেশনা প্রদান করেন। সভাপতির বক্তব্যের প্রেক্ষিতে চেয়ারম্যান, বিটিএমসি বলেন যে, এশিয়াটিক কটন মিলের ০১টি গুরুত্বপূর্ণ মামলা এবং খুলনা টেক্সটাইল মিলের মালিকানা সম্পর্কিত মামলার রায় ঘোষিত হলে সরকারের পক্ষে আসবে বলে আশাবাদ ব্যক্ত করেন। বিজেসির মোট মামলা ২৭০টি, নিষ্পত্তকৃত মামলার সংখ্যা সংস্থার পক্ষে ০১টি। বিজেসির সচিব জানান যে, সংস্থার পক্ষে নিয়োজিত আইনজীবি মামলা পরিচালনায় অপারগতা প্রকাশ করায় তার পরিবর্তে নতুন আইনজীবি নিয়োগ দেয়া হয়েছে যার প্রেক্ষিতে মামলাটি সংস্থার পক্ষে রায় হয়েছে। এছাড়াও আরো বেশ কয়েকটি মামলার শুনানী চূড়ান্ত পর্যায়ে আছে যা সংস্থার পক্ষে রায় হবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন। পাট অধিদপ্তরের মোট মামলা ৪৬টি, নিষ্পত্তিকৃত মামলা ০১টি। সভাপতি মামলা নিষ্পত্তির হার বৃদ্ধি বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন। রেশম উন্নয়ন বোর্ডের মোট ৩ ১টি মামলা রয়েছে কিন্তু বেশ কয়েক মাস যাবত কোন মামলা নিষ্পত্তি হচ্ছেনা। সভাপতি এ বিষয়ে বোর্ড প্রধানকে সবোর্চ্চ গুরুত্ব দিয়ে মামলা নিষ্পত্তি করার জন্য নির্দেশনা প্রদান করেন। বিএসআরটিআই, বস্ত্র পরিদপ্তর, লিকুইডেশন সেল, আদমজী সন্স লি: এর কোন মামলা নিষ্পত্তি হয়নি। সভাপতি এতে অসন্তোষ প্রকাশ করে সংস্থাগুলো কে মামলা নিষ্পত্তির বিষয়ে কঠোর ব্যবস্থা নিতে নির্দেশনা প্রদান করেন। বাংলাদেশ তাঁত বোর্ডের মোট মামলা ১৬টি, নিষ্পত্তিকৃত মামলা ০২টি, সংস্থার পক্ষে ০২টি মামলার রায় হওয়ায় সভাপতি সন্তোষ প্রকাশ করেন। চেয়ারম্যান, তাঁত বোর্ড বলেন যে, তাঁত বোর্ডের আওতাধীন মিরপুরস্থ ভাষাণটেকে ৩.০০ (তিন) একর জায়গার উপর ঢাকা উত্তর সিটি করপোরেশন কোরবানির পশুর হাট বসানোর জন্য ইজারা প্রদান করেছে যা বাতিল করার জন্য করপোরেশনকে পত্র প্রদান করা হলেও তেমন কোন অগ্রগতি নেই। তিনি ইজারা বাতিলের জন্য মন্ত্রণালয় হতে সিটি করপোরেশনকে পত্র প্রেরণের জন্য অনুরোধ করেন। চেয়ারম্যান, তাঁত বোর্ড এর বক্তব্যের প্রেক্ষিতে সভাপতি বলেন যে, সরেজমিনে গিয়ে ইজারা বাতিলের জন্য সিটি করপোরেশনের নিকট হতে ইজারা বাতিলপত্র সংগ্রহ করতে হবে। অন্যদিকে মন্ত্রণালয় হতেও সিটি করপোরেশনকে ইজারা বাতিলের বিষয়ে পত্র প্রেরণ করতে হবে। সভাপতি বলেন যে, মোট ১৯২০টি মামলার মধ্যে নিষ্পত্তিকৃত ২৪টি মামলায় সংস্থার পক্ষে ১৮টি এবং বিপক্ষে ০৬টি মামলার রায় হয়েছে। যে সমস্ত মামলার রায় সংস্থার বিপক্ষে গিয়েছে সেগুলোর বিষয়ে দ্রুত আপীল দায়ের করা এবং ভবিষতে মামলার রায় সরকারের বিপক্ষে গেলে সেগুলোর বিষয়ে ও সাথে সাথে আপীল দায়ের করার নির্দেশ প্রদান করেন। অন্যদিকে বর্তমান মাসে ৩১টি মামলা নতুন উত্থাপিত হয়েছে। এ মামলাগুলোর বিষয়ে যথাযথ পদক্ষেপ গ্রহণের জন্য সংস্থাগুলো পরামর্শ প্রদান করেন। সভাপতি অনিষ্পন্ন ১৮৯৬টি মামলার বিষয়ে আরো কার্যকরী ভূমিকা পালনে তৎপর হওয়ার জন্য দপ্তর/সংস্থা প্রধানদের নির্দেশনা প্রদান করেন।

## ০৫. <u>গুরুত্বপূর্ণ ৩১টি মামলা মনিটরিং সংক্রান্ত কার্যক্রম পর্যালোচনা:</u>

৩১টি মামলার কার্যক্রম সভায় উপস্থাপন করা হরে এ ব্যাপারে সংশ্লিষ্ট যুগ্মসচিবগণ এবং ট্যাগ কর্মকর্তাগণ এর অগ্রগতি সভাকে অবহিত করেন যা নিম্নরূপ:

<u>সংস্থার নাম:</u> <u>বিজেএমসি</u>

| মামলা নম্বর | মন্ত্রণালয়ের কর্মকর্তার নাম ও পদবী | দপ্তর/সংস্থার ট্যাগ অফিসারের নাম ও পদবী |
|---|---|---|
| ০১. সিভিল আপীল নং-৩১৭/১৫<br>০২. সিভিল আপীল নং-৩১৫/১৫<br>০৩. সিভিল আপীল নং-৩১৬/১৫ | জনাব মতিউর রহমান<br>যুগ্মসচিব (পাট) | ০১. জনাব মুহাম্মদ সালেহ উদ্দিন, সচিব<br>০২. জনাব মো: নাছিমুল ইসলাম, জিএম (আইন) |

<u>সংস্থার নাম:</u> <u>বিজেএমসি</u>

| মামলা নম্বর | মন্ত্রণালয়ের কর্মকর্তার নাম ও পদবী | দপ্তর/সংস্থার ট্যাগ অফিসারের নাম ও পদবী |
|---|---|---|
| ০১. সিভিল পিটিশন ফর-লীভ-টু আপীল নং-৭৪৭/১৩<br>০২. দেওয়ানী মোকদ্দমা নং-৪৮৯০/০৮<br>০৩. দেওয়ানী মোকদ্দমা নং-৭০৪/১৪ | নাসিমা বেগম<br>যুগ্মসচিব (পাট-২) | ০১. জনাব মুহাম্মদ সালেহ উদ্দিন, সচিব<br>০২. জনাব মো: নাছিমুল ইসলাম, জিএম (আইন) |

সংস্থার নাম: বিজেএমসি

| মামলা নম্বর | মন্ত্রণালয়ের কর্মকর্তার নাম ও পদবী | দপ্তর/সংস্থার ট্যাগ অফিসারের নাম ও পদবী |
|---|---|---|
| ০১. সিভিল রিভিউ পিটিশন নং-৩০৩/১৫<br>০২. অপর মোকদ্দমা নং-৮০৩/১০<br>০৩. সিপিএলএ নং-৩৪৪৩/১৫ | জনাব দিলীপ কুমার সাহা<br>যুগ্মসচিব (প্রশাসন) | ০১. জনাব মুহাম্মদ সালেহ উদ্দিন, সচিব<br>০২. জনাব মো: নাছিমুল ইসলাম, জিএম (আইন) |

সংস্থার নাম: বিটিএমসি

| মামলা নম্বর | মন্ত্রণালয়ের কর্মকর্তার নাম ও পদবী | দপ্তর/সংস্থার ট্যাগ অফিসারের নাম ও পদবী |
|---|---|---|
| ০১. সিভিল মামলা নং-২৩৪/১৫-২৩৯/১৫ (১টি)<br>০২. সিভিল পিটিশন ফর-লীভ-টু আপীল নং-২৮২৩/১৪<br>০৩. রীট পিটিশন নং-৯৮৮০/১০ | জনাব মো: রমজান আলী<br>যুগ্মসচিব (অডিট) | ০১. জনাব পীরজাদা শহীদুল হারুন<br>পরিচালক (পরিচালন)<br>০২. কাজী ফিরোজ হোসেন<br>উপ-মহাব্যবস্থাপক (আইন) |

সংস্থার নাম: বিটিএমসি

| মামলা নম্বর | মন্ত্রণালয়ের কর্মকর্তার নাম ও পদবী | দপ্তর/সংস্থার ট্যাগ অফিসারের নাম ও পদবী |
|---|---|---|
| ০১. রীট পিটিশন নং-৩৮৬৬/০৮<br>০২. রীট পিটিশন নং-৫৭৩৯/১৩ | জনাব মো: মনিরুজ্জামান<br>যুগ্মসচিব (বস্ত্র) | ০১. জনাব পীরজাদা শহীদুল হারুন, পরিচালক (পরিচালন)<br>০২. কাজী ফিরোজ হোসেন, উপ-মহাব্যবস্থাপক (আইন) |

সংস্থার নাম: বিটিএমসি

| মামলা নম্বর | মন্ত্রণালয়ের কর্মকর্তার নাম ও পদবী | দপ্তর/সংস্থার ট্যাগ অফিসারের নাম ও পদবী |
|---|---|---|
| ০১. রীট পিটিশন নং-৭৫২৪/১৪<br>০২. দেওয়ানী মোকদ্দমা নং-১০/৯৮ | বেগম সোহেলী শিরীন আহমেদ<br>যুগ্মসচিব (বাজেট) | ০১. জনাব পীরজাদা শহীদুল হারুন, পরিচালক (পরিচালন)<br>০২. কাজী ফিরোজ হোসেন, উপ-মহাব্যবস্থাপক (আইন) |

সংস্থার নাম: বিজেসি

| মামলা নম্বর | মন্ত্রণালয়ের কর্মকর্তার নাম ও পদবী | দপ্তর/সংস্থার ট্যাগ অফিসারের নাম ও পদবী |
|---|---|---|
| ০১. লীভ টু আপীল নং-২২০৮/১৩<br>০২. এফএ নং-৩০৫/০৪<br>০৩. এফএটি নং-১০৫/০৫<br>০৪. সিপি নং-৫২০৩/০৭<br>০৫. রীট পিটিশন নং-৬৯১১/১৩ | যুগ্মসচিব (পাট-৩) | ০১. সচিব, বিজেসি (বিলুপ্ত)<br>০২. জনাব মো: লুৎফর রহমান, পিও |

সংস্থার নাম: লিকুইডেশন সেল

| মামলা নম্বর | মন্ত্রণালয়ের কর্মকর্তার নাম ও পদবী | দপ্তর/সংস্থার ট্যাগ অফিসারের নাম ও পদবী |
|---|---|---|
| ০১. রীট পিটিশন নং-৯৭১৮/১৪<br>০২. সিপিএলএ নং-১১৭/১৫<br>০৩. আপীল মোকদ্দমা নং-৭০১/১৫<br>০৪. সিপিএলএ নং-১০১৪/১৫ | জনাব মো: হেলাল উদ্দিন, এনডিসি<br>যুগ্মসচিব (বেওবি এবং আইন) | জনাব মো: আবুল কালাম<br>জিএম (চলতি দায়িত্ব) |

সংস্থার নাম: বাংলাদেশ তাঁত বোর্ড

| মামলা নম্বর | মন্ত্রণালয়ের কর্মকর্তার নাম ও পদবী | দপ্তর/সংস্থার ট্যাগ অফিসারের নাম ও পদবী |
|---|---|---|
| ০১. রীট পিটিশন নং-৫৬৭/০৩<br>০২. রীট পিটিশন নং-১০০৭৭/১৫ | জনাব মো: রেজাউল কাদের যুগ্মসচিব (বস্ত্র-২) | ০১. জনাব আবুল কাসেম মো: বোরহান উদ্দীন, সদস্য<br>০২. জনাব মো: মনজুর কাদির, সচিব<br>০৩. জনাব মো: লুৎফর রহমান, (আইন) |

রেশম উন্নয়ন বোর্ড

| মামলা নম্বর | মন্ত্রণালয়ের কর্মকর্তার নাম ও পদবী | দপ্তর/সংস্থার ট্যাগ অফিসারের নাম ও পদবী |
|---|---|---|
| ০১. আপীল নং-৩৫৩/১২<br>০২. কনটেম্পট পিটিশন নং-৩৬৪/১৫ | জনাব মো: রেজাউল কাদের যুগ্মসচিব (বস্ত্র-২) | ০১. জনাব মো: জায়েদুল হাসান, সচিব<br>০২. জনাব মো: আব্দুল মতিন, প্রধান সহকারী |

সংস্থার নাম: আদমজী সন্স লি:

| মামলা নম্বর | মন্ত্রণালয়ের কর্মকর্তার নাম ও পদবী | দপ্তর/সংস্থার ট্যাগ অফিসারের নাম ও পদবী |
|---|---|---|
| ০১. বিভাগীয় স্টেশাল মামলা নং-২৪/১৩<br>০২. রিভিউ মোকদ্দমা নং-২৭৭৫/১৪ | জনাব তাহমিনা আখতারী যুগ্মসচিব (প্রশাসন-২) | ০১. জনাব মো: মেসবাহ উদ্দিন, ডিজিএম<br>০২. জনাব মো: ইমতিয়াজ আহমেদ, ম্যানেজার |

সভাপতি বলেন যে, ৩১টি মামলা মনিটরিং সংক্রান্ত তথ্য ( মামলার নং ও মিল /প্রতিষ্ঠানের নাম, মামলার বিষয় (সংক্ষিপ্তভাবে), মামলার বাদী/বিবাদী, মামলা মনিটরিং কর্মকর্তার নাম ও পদবী , দপ্তর/সংস্থার ট্যাগ অফিসারের নাম ও পদ বী, সংক্ষিপ্তভাবে বাস্তবায়ন অগ্রগতি) প্রেরণ করার জন্য অনুরোধ করেন।

০৬. সভাপতি সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, মনিটরিং সংক্রান্ত ৩১টি মামলার মধ্যে কোন মামলাই নিষ্পত্তি হয়নি। সভাপতি বলেন যে, ট্যাগ অফিসার, আইন কর্মকর্তা এবং আইনজীবিগণকে আরো তৎপর হতে হবে তবেই সংস্থার মামলা নিষ্পত্তিতে অগ্রগতি হবে। তিনি সংস্থার আইন কর্মকর্তাদের আদালতে নিয়মিত উপস্থিত থেকে বিজ্ঞ আইনজীবিদের মামলা সংশ্লিষ্ট প্রয়োজনীয় তথ্যাদিসহ সাহায্য ও সহযোগিতার জন্য নির্দেশনা প্রদান করেন। তিনি যে সকল আইনজীবিদের মামলা নিষ্পত্তির হার সন্তোষজনক নয় তাদের পরিবর্তনপূর্বক নতুন আইনজীবি নিয়োগের জন্য দপ্তর/সংস্থার প্রধানগণদের নির্দেশনা প্রদান করেন।

০৭. দপ্তর/সংস্থার প্রধানগণের ৫০টি মামলা মনিটরিং কার্যক্রম পর্যালোচনা:

সভায় মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশনা মতে দপ্তর/সংস্থার প্রধানগণের ৫০টি মামলা মনিটরিং এর বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এ ব্যাপারে দপ্তর/সংস্থার প্রধানগণ জানান যে, তাদের অনেকেরই ৫০টি মামলা নেই। তবে যে মামলাগুলো আছে সেগুলোর ব্যাপারে তাঁরা প্রতি মাসেই সংস্থার আইন কর্মকর্তাদের সাথে বসে অগ্রগতি পর্যলোচনা এবং প্রয়োজনীয় দিক-নির্দেশনা দিয়ে থাকেন। সভাপতি এ ব্যাপারে সংস্থার প্রধানগণকে মামলা নিয়মিত মনিটরিং করতে বলেন এবং মামলা নিষ্পত্তির তথ্যাদি মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন।

০৮. সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক. বিজেএমসিসহ সকল দপ্তর/সংস্থাকে মামলা নিষ্পত্তির হার বৃদ্ধির জন্য প্রয়োজনীয় উদ্যোগ নিতে হবে;
খ. যে সকল মামলা র রায় সরকারের বিপক্ষে ঘোষিত হয়েছে সেগুলোর ব্যাপারে দপ্তর/সংস্থা প্রধানগণকে দ্রুত আপীল দায়েরপূর্বক মামলা নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে;

গ. সংস্থার আইনকর্মকর্তাগণ আদালতে নিয়মিত উপস্থিত থেকে মামলা নিষ্পত্তির কার্যক্রমে বিজ্ঞ আইনজীবিদের সাহায্য-সহযোগিতা প্রদান করবে;

ঘ. মনিটরিং সংক্রান্ত ৩১টি মামলা নিষ্পত্তির কার্যক্রম আরো জোরদার করতে হবে। সংস্থার পক্ষে আইন কর্মকর্তা ও ট্যাগ অফিসার এবং বিজ্ঞ আইনজীবির মিলে প্রতি মাসে একবার করে মিলিত হয়ে মামলা নিষ্পত্তির বিষয়ে আলাপ-আলোচনা ও ব্যবস্থা গ্রহণ করবে;

ঙ. যে সকল মামলার রায়ে স্থিতাবস্থা জারি আছে সেগুলো দুত ভ্যাকেট করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

চ. জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষের একজন প্রতিনিধি আগামী সভায় প্রেরণের জন্য চেয়ারম্যান, জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষকে অনুরোধ করা;

ছ. তাঁত বোর্ডের ভাষাণটেকে ৩.০০ (তিন) একর জমিতে কোরবানির পশুর হাট বসানোর বিষয়ে সিটি করপোরেশন কর্তৃক ইজারা বাতিলের জন্য প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি করপোরেশনকে অনুরোধ করা;

জ. নিম্নোক্ত ছকে প্রতি মাসের ১০ তারিখের মধ্যে মামলার তথ্য মন্ত্রণালয়ের আইন অধিশাখায় প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো:

| দপ্তর/সংস্থা/ পরিদপ্তর/ অধিদপ্তর/ বোর্ড এর নাম | মামলার সংখ্যা | | বর্তমান মাসে আগত | | মোট | মামলা নিষ্পত্তি | | | | মাস শেষে পেন্ডিং মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | উচ্চ আদালত | নিম্ন আদালত | উচ্চ আদালত | নিম্ন আদালত | | উচ্চ আদালত (পক্ষে) | নিম্ন আদালত (পক্ষে) | উচ্চ আদালত (বিপক্ষে | নিম্ন আদালত (বিপক্ষে) | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| | | | | | | | | | | |

ঝ. প্রতি মাসের ১০ তারিখের মধ্যে নিম্নোক্ত ছকে মনিটরিং সংক্রান্ত ৩১টি মামলার বিষয়ে তথ্য প্রদানের জন্য সকল দপ্তর/সংস্থাকে অনুরোধ করা হলো:

| মামলার নং ও মিল/প্রতিষ্ঠানের নাম | মামলার বিষয় (সংক্ষিপ্তভাবে) | মামলার বাদী/বিবাদী | মামলা মনিটরিং কর্মকর্তার নাম ও পদবী | দপ্তর/সংস্থার ট্যাগ অফিসারের নাম ও পদবী | সংক্ষিপ্তভাবে বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | | | | |

০৯. সভায় আর কোন আলোচ্য সূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ দিয়ে সভার কাজ শেষ করেন।

স্বাক্ষরিত/-
২৯.০৮.১৬
(এম এ কাদের সরকার)
সচিব
বস্ত্র ও পাট মন্ত্রণালয়, ঢাকা।